



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১০ নভেম্বর ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

পানছড়িতে সন্ত্রাস্ত্র গ্রুপের সশস্ত্র হামলা ও এক ইউপিডিএফ সংগঠককে হত্যার নিন্দা ও প্রতিবাদ

খাগড়াছড়ির পানছড়িতে ইউপিডিএফ সদস্যদের ওপর জেএসএস সন্ত্রাস্ত্র গ্রুপের সশস্ত্র হামলা ও ইউপিডিএফ সংগঠক মিটন চাকমাকে হত্যার নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ রবিবার (১০ নভেম্বর ২০২৪) ইউপিডিএফের খাগড়াছড়ি জেলা সংগঠক অংগ্য মারমা সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে বলেন, আজ দুপুর ১২টার সময় খাগড়াছড়ির পানছড়িতে জেএসএস সন্ত্রাস্ত্র গ্রুপের একটি সশস্ত্র দল ইউপিডিএফ সদস্যদের ওপর সশস্ত্র হামলা চালায়। এতে ইউপিডিএফ সংগঠক মিটন চাকমা নিহত হন।

মিটন চাকমা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে পালি বিভাগ থেকে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন (২০২০-২০২১ সেশন) এবং পাহাড়ি ছাত্র পরিষদের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি হিসেবে দায়িত্ব পালন শেষে ২০২২ সালের নভেম্বরে ইউপিডিএফে যোগ দেন। তিনি খাগড়াছড়ি জেলার দীঘিনালা উপজেলাধীন উদোলবাগান গ্রামের সুশান্ত চাকমার ছেলে।

ব্যক্তি জীবনে মিটন চাকমা অত্যন্ত ভদ্র, নম্র ও অমায়িক ছিলেন এবং খুবই সাদাসিদা জীবন যাপন করতেন।

তিনি পানছড়িতে ইউপিডিএফ ও গণসংগঠনের কার্যক্রম জোরদার করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন ও অনেক বাধা-বিপত্তি মোকাবিলা করে জীবনের শেষ দিন পর্যন্ত নিরলসভাবে তার ওপর অর্পিত পার্টিগত দায়িত্ব আন্তরিকভাবে পালন করে যান। তিনি কোনদিন পার্টি শৃঙ্খলা ভঙ্গ করেছেন বা দায়িত্বে অবহেলা দেখিয়েছেন এমন কোন নজীর নেই।


বিবৃতিতে অংগ্য মারমা বলেন, আজ মানবেন্দ্র নারায়ণ লারমার মৃত্যুবার্ষিকীর দিনে সন্ত্রাস্ত্র গ্রুপের এ হামলা অত্যন্ত ন্যাকারজনক ও কাপুরুষোচিত। এ হামলার মাধ্যমে তারা নিজেদেরকে আবার খুনি বাহিনী হিসেবে প্রমাণ করলো।

অংগ্য মারমা সন্ত্রাস্ত্র গ্রুপের এমন সংঘাত নীতির বিরুদ্ধে সর্বস্তরের জনগণকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে বলেন, শাসকগোষ্ঠীর একটি বিশেষ মহল সন্ত্রাস্ত্র গ্রুপকে ব্যবহার করে পার্বত্য চট্টগ্রামে ভ্রাতৃঘাতি সংঘাত জিইয়ে রেখে জুম্ম ধ্বংসের নীলনক্সা বাস্তবায়ন করছে। আর এই ষড়যন্ত্রের ফাঁদে পা দিয়ে সন্ত্রাস্ত্র গ্রুপ ইউপিডিএফের ওপর সশস্ত্র হামলা চালাচ্ছে। সন্ত্রাস্ত্র গ্রুপের এই অপরিণামদর্শী কর্মকাণ্ডের বিরুদ্ধে সবাইকে রুখে দাঁড়াতে হবে।

তিনি প্রশ্ন রেখে বলেন, 'মিটন চাকমার মতো একজন উচ্চ শিক্ষিত নিবেদিত প্রাণ কর্মীকে হত্যা করে সন্ত্রাসীরা জনগণকে লাভবান করেছে? যারা জনগণের অধিকারের জন্য লড়াই করেছে তাদের কেন সন্ত্রাসীদের সন্ত্রাসীরা বেছে বেছে বেছে খুন করেছে? জনগণের কাছে একদিন তাদেরকে এর জবাব দিতে হবে।'

বিস্মৃতিতে ইউপিডিএফ নেতা অবিলম্বে পানছড়িতে অবস্থানরত জেএসএস সন্ত্রাসীদের সশস্ত্র সন্ত্রাসীদের বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণ ও মিটন চাকমা হত্যার সাথে জড়িত সন্ত্রাসীদের গ্রেফতার ও শাস্তির দাবি জানান।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)